# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/সিলেট-৬৭/ ২৭/৮

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩০
১৭ জুলাই ২০২৩

**বিষয় : অধ্যক্ষ কর্তৃক ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সিলেট জেলার বিশ্বনাথ উপজেলাধীন এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব আবু তাহির মোঃ হুসাইন তাঁর পদে দায়িত্ব পালনে প্রতিবন্ধকতার নিরসন চেয়ে বোর্ডে আবেদন করেন। এডহক কমিটির সভাপতি জনাব মোঃ নিজামুল ইসলাম কর্তৃক বাধ্যতামূলক ছুটি প্রদানের বিরুদ্ধে অধ্যক্ষ কর্তৃক ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দরখাস্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১২৬/২০২৩ এ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির নির্দেশ প্রদান করেছেন। এডহক কমিটির মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে তবে বাধ্যতামূলক ছুটির পত্র ও অধ্যক্ষের আবেদন বিষয়ে কতিপয় বৈপরীত বক্তব্য থাকায় ন্যায় বিচারের স্বার্থে অধ্যক্ষের ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে সাবেক সভাপতি জনাব মোঃ নিজামুল ইসলাম এর লিখিত বক্তব্য প্রয়োজন।

বর্ণিত অবস্থায়, অধ্যক্ষ এর ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দরখাস্তে বর্ণিত অভিযোগ বিষয়ে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এডহক কমিটির সাবেক সভাপতিকে লিখিত বক্তব্য সমর্থনীয় কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৭.০৭.২০২৩

(প্রফেসর মো: সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

সংযুক্তি:
১। অধ্যক্ষ এর ২৩/০৩/২০২৩ খ্রি. তারিখের দরখাস্ত।

জনাব নিজামুল ইসলাম
সাবেক সভাপতি, এডহক কমিটি
এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা
বিশ্বনাথ, সিলেট।

নং-বামাশিবো/প্রশা/সিলেট-৬৭/২৭/৮

তারিখ: ০২ শ্রাবণ ১৪৩০
১৭ জুলাই ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, সিলেট;
২. জেলা শিক্ষা অফিসার, সিলেট;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিশ্বনাথ, সিলেট;
৫. অধ্যক্ষ, এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা, বিশ্বনাথ, সিলেট;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১৭/৭/২৩
মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

\\ADMIN_BELAYET\Belayet share\Mostafiz\Hearing -130210.doc

# এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদরাসা
# ALAHABAD ISLAMIA ALIM MADRASAH

ডাকঃ ইসলামাবাদ, বিশ্বনাথ, সিলেট। P.O: Islamabad, Biswanath, Sylhet.
W: 130210.ebmeb.gov.bd, E:alahabad1970@gmail.com, Mad. Co: 18736, 01558186848 (Mad.), 01712656822 (Prin.)

স্মারকঃ ১০৫০ তারিখঃ ২৩-৩-২০২৩

মাননীয়
চেয়ারম্যান মহোদয়
মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা-১২১১।

দৃষ্টি আকর্ষনঃ মাননীয় রেজিষ্ট্যার্ড মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয়ঃ ২০/০৩/২৩ ইং তারিখের পত্র বাতিলক্রমে অধ্যক্ষের দায়িত্ব পালনের প্রতিবন্ধকতা নিরশনের আবেদন।**

সূত্রঃ বামাশিবো/প্রশা/৩৩১২২১৩০২১০১/৭৫৫৯৬/নথি নং-৬৭ তারিখ-১০.০১.২০২৩ খ্রি.

জনাব

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারিকে, সদস্য সচিব ও নিজামুল ইসলামকে সভাপতি করে চার সদস্য বিশিষ্ট মদ্রাসার আহ্বায়ক কমিটি গঠন করা হয়। আহ্বায়ক কমিটি বোর্ডের নির্দেশনা ও বিধি মোতাবেক ৬ মাসের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিত কমিটি গঠনের কথা থাকলেও সভাপতি মহোদয় নানাবিধ কার্য করে নিয়মিত কমিটি গঠনের প্রক্রিয়ায় বাধা প্রদান করে যাচ্ছেন।

২। বিশ্বনাথ উপজেলা নির্বাহী কর্মকর্তা আমাকে অধ্যক্ষ বহাল রেখে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে মখলিছুর রহমানকে নিযুক্ত করে পত্র দিলে, আমি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২৬/২০২৩ দায়ের করলে শুনানী শেষে মহামান্য হাইকোর্ট ৬ মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এই আদেশের বিরুদ্ধে সভাপতি নিজামুল ইসলাম সাহেবের চাচাতো ভাই শিক্ষ মখলিছুর রহমানকে দিয়ে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে স্থগিতাদেশ চাইলে আদালত তা খারিজ করে দিয়ে আমাকে অধ্যক্ষ হিসাবে বহাল রাখেন।

৩। গত ২০/০৩/২০২৩ ইং তারিখে আহ্বায়ক কমিটির সভাপতি বেআইনিভাবে ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে নিজস্ব মনগড়া কতিপয় মিথ্যা বানোয়াট কাল্পনিক অভিযোগ উল্লেখ করে আমাকে বাধ্যতামূলক ৪ মাসের ছুটি দেখিয়ে পত্র প্রেরণ করেন। যা এখতিয়ার বহির্ভুত এবং বেআইনী।

৪। সভাপতি মহোদয়ের পত্রে আমার বিরুদ্ধে আনিত অভিযোগ সমূহ যথাক্রমে ১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০- সত্য নহে।

চলমান পাতা-২

# এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদরাসা
# ALAHABAD ISLAMIA ALIM MADRASAH
ডাক: ইসলামাবাদ, বিশ্বনাথ, সিলেট। **P.O: Islamabad, Biswanath, Sylhet.**
W: 130210.ebmeb.gov.bd, E:alahabad1970@gmail.com, Mad. Co: 18736, 01558186848 (Mad.), 01712656822 (Prin.)


স্মারক: ১০৫০ তারিখ: ২৩.৬-২০২৬



৫। সভাপতি নিজামুল ইসলামের আচার-আচরণ অসৌজন্যমূলক এবং তিনি পূর্বে হইতে অসৌজন্যমূলক কাজ করে যাচ্ছেন। বিগত ১০/০৩/২১ ইং তারিখে তিনি মাদ্রাসার অফিসক্ষ তালাবদ্ধ করলে অফিস সহকারী সাইদুর রহমান বিশ্বনাথ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। (কপি সংযুক্ত)

৬। গত ২৩/০২/২০২৩ ইং তারিখ মাদ্‌রাসার কমিটির সভা শেষে হঠাৎ ক্ষিপ্ত হয়ে সকলের উপস্থিতিতে বহিরাগত কয়েকজন সন্ত্রাসী নিয়ে জোর পূর্বক ভাবে আমাকে প্রানে হত্যার ভয় দেখিয়ে রেজুলেশনের ৭নং খাতাটি ছিনাইয়া নিয়ে যান। অনেক চেষ্টাও করে খাতা উদ্ধার করা সম্ভব না হওয়ায় আইনগত পদক্ষেপ গ্রহনের জন্য আমি নিজে সাধারণ ডায়েরীর আবেদন করি (কপি সংযুক্ত)

অতএব, মহোদয় সমীপে নিবেদন উপরোক্ত অবস্থাধীন এডহক কমিটির সভাপতি জনাব নিজামুল ইসলাম কর্তৃক সম্পাদিত গত ২০/০৩/২৩ ইং তারিখের পত্র মাধ্যমে প্রেরিত ছুটির নোটিশ বিধি বহির্ভূত মর্মে আদেশক্রমে আমার অধ্যক্ষ পদের দায়িত্ব পালনে সকল প্রতিবন্ধকতা সমূহ অপসারণ ও এডহক কমিটির বিধি বহির্ভূত কর্মকান্ডের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নিতে আপনার মর্জি হয়।

বিনীত

২৩/০৬/২০২৬

আবু তাহির মোঃ হুসাইন
অধ্যক্ষ
এলাহাবাদ ইসলামিয়া আলিম মাদ্রাসা
ডাক: ইসলামাবাদ, বিশ্বনাথ, সিলেট।

সংযুক্ত ......২১......কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:-

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ,সিলেট।
৩। অফিসার ইনচার্জ, বিশ্বনাথ থানা,সিলেট।